<u>ঢেঁড়স চাষের বিস্তারিত বিবরণী</u>

**ফসল :** ঢেঁড়স

**জাতের নাম :** বারি ঢেঁড়স-১

**জনপ্রিয় নাম :** নেই

**উদ্ভাবনকারী প্রতিষ্ঠান :** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)

**গড় জীবনকাল প্রায় (দিন):** ১৫০

**জাতের ধরণ :** আধুনিক

**জাতের বৈশিষ্ট্য :**

গাছের প্রায় সব পত্রকক্ষেই ফুল ও ফল ধরে। গাছ ৬.৫ থেকে ৮.০ ফুট লম্বা হয়। ফল ৫ শিরা বিশিষ্ট, সবুজ। পরিপক্ক এবং শুষ্ক বীজে বাদামী রোমশ আবারণ আছে যা এ জাতের একটি অন্যতম বৈশিষ্ট্য। বীজের রং বাদামী। দেশের সর্বত্রই চাষ কারা যায়।

**শতক প্রতি ফলন (কেজি) :** ৬০ - ৭০

**প্রতি শতক বীজতলায় বীজের পরিমান :** ১৬ - ২০ গ্রাম

**উপযোগী ভূমির শ্রেণী :** মাঝারি উচু

**উপযোগী মাটি :** দোআঁশ, বেলে-দোআঁশ

**উৎপাদনের মৌসুম :** খরিফ- ১

**বপনের উপযুক্ত সময় :**

খরিফ মৌসুমে এর চাষাবাদ বেশি হয়। ফাল্গুন থেকে বৈশাখ মাস (মধ্য ফেব্রুয়ারি থেকে মধ্য মে) বীজ বপনের উপযুক্ত সময়।

**ফসল তোলার সময়** :

**তথ্যের উৎস :**

**কৃষি প্রযুক্তি হাতবই, খন্ড-১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনিস্টিটিউট।**

**ফসল :** ঢেঁড়স

**জাতের নাম :** বারি ঢেঁড়স-২

**জনপ্রিয় নাম :** নেই বপনের ৪৫ দিনের মধ্যে ফুল ফুটতে শুরু করে। ফুল ফোঁটার ৫-৬ দিনের মধ্যেই ফল সংগ্রহ করতে হয এবং পরবর্তীতে ১ দিন অন্তর ফল সংগ্রহ করা যায়।

**উদ্ভাবনকারী প্রতিষ্ঠান :** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)

**গড় জীবনকাল প্রায় (দিন):** ১০০-১২০

**জাতের ধরণ :** উফশী

**জাতের বৈশিষ্ট্য :**

আগাম জাত। ফল মাঝারী আকারের লম্বাটে। সবুজ রঙের এবং ৫-৭ টি শিরা বিশিষ্ট। ফল নরম, অল্প আঁশ যুক্ত। প্রতি গাছে ৩২-৩৮ টি ফল ধরে।

**শতক প্রতি ফলন (কেজি) :** ৬০ - ৭০

**প্রতি শতক বীজতলায় বীজের পরিমান :** ১৬ - ২০ গ্রাম

**উপযোগী ভূমির শ্রেণী :** মাঝারি উচু

**উপযোগী মাটি :** দোআঁশ, বেলে-দোআঁশ

**উৎপাদনের মৌসুম :** খরিফ- ১

**বপনের উপযুক্ত সময় :**

ফাল্গুন-চৈত্র বীজ বোনার উপযুক্ত সময়।

**ফসল তোলার সময়** :

বীজ বোনার ৬-৮ সপ্তাহের  মধ্যে এবং ফুল ফোটার ৩-৫ দিনের মধ্যে ফল আসা শুরু হয়।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, খন্ড-১,  বাংলাদেশ কৃষি গবেষণা ইনিস্টিটিউট।

**ফসল :** ঢেঁড়স

**জাতের নাম :** বারি ঢেঁড়স-২

**জনপ্রিয় নাম :** নেই

**উদ্ভাবনকারী প্রতিষ্ঠান :** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)

**গড় জীবনকাল প্রায় (দিন):** ১০০-১২০

**জাতের ধরণ :** উফশী

**জাতের বৈশিষ্ট্য :**

আগাম জাত। ফল মাঝারী আকারের লম্বাটে। সবুজ রঙের এবং ৫-৭ টি শিরা বিশিষ্ট। ফল নরম, অল্প আঁশ যুক্ত। প্রতি গাছে ৩২-৩৮ টি ফল ধরে।

**শতক প্রতি ফলন (কেজি) :** ৬০ - ৭০

**প্রতি শতক বীজতলায় বীজের পরিমান :** ১৬ - ২০ গ্রাম

**উপযোগী ভূমির শ্রেণী :** মাঝারি উচু

**উপযোগী মাটি :** দোআঁশ, বেলে-দোআঁশ

**উৎপাদনের মৌসুম :** খরিফ-২

**বপনের উপযুক্ত সময় :**

আশ্বিন-কার্তিক মাস বীজ বোনার উপযুক্ত সময়।

**ফসল তোলার সময়** :

বীজ বোনার ৬-৮ সপ্তাহের  মধ্যে এবং ফুল ফোটার ৩-৫ দিনের মধ্যে ফল আসা শুরু হয়।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, খন্ড-১,  বাংলাদেশ কৃষি গবেষণা ইনিস্টিটিউট।

**ফসল :** ঢেঁড়স

**জাতের নাম :** অলক

**জনপ্রিয় নাম :** নেই

**উদ্ভাবনকারী প্রতিষ্ঠান :** সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড

**গড় জীবনকাল প্রায় (দিন):** ১০০-১২০

**জাতের ধরণ :** হাইব্রিড

**জাতের বৈশিষ্ট্য :**

সবুজ রঙয়ের ফল। একটানা দীর্ঘদিন যাবৎ ঢেঁড়স সংগ্রহ করা যায়।

**শতক প্রতি ফলন (কেজি) :** ১২০ - ১৪০

**প্রতি শতক বীজতলায় বীজের পরিমান :** ২০ - ২৫ গ্রাম

**উপযোগী ভূমির শ্রেণী :** মাঝারি উচু

**উপযোগী মাটি :** দোআঁশ, বেলে-দোআঁশ

**উৎপাদনের মৌসুম :** খরিফ- ১

**বপনের উপযুক্ত সময় :**

মাঘ-চৈত্র

**ফসল তোলার সময়** :

বপনের ৪০-৪২ দিন পর।

**তথ্যের উৎস :**

সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড এর ক্যাটালগ।

**ফসল :** ঢেঁড়স

**জাতের নাম :** গ্রিন এলাজী

**জনপ্রিয় নাম :** নেই

**উদ্ভাবনকারী প্রতিষ্ঠান :** সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড

**গড় জীবনকাল প্রায় (দিন):** ১০০-১২০

**জাতের ধরণ :** হাইব্রিড

**জাতের বৈশিষ্ট্য :**

সবুজ রঙয়ের ফল। একটানা দীর্ঘদিন যাবৎ ঢেঁড়স সংগ্রহ করা যায়।

**শতক প্রতি ফলন (কেজি) :** ১২ - ১৪০

**প্রতি শতক বীজতলায় বীজের পরিমান :** ২০ - ২৫

**উপযোগী ভূমির শ্রেণী :** মাঝারি উচু

**উপযোগী মাটি :** দোআঁশ, বেলে-দোআঁশ

**উৎপাদনের মৌসুম :** খরিফ- ১

**বপনের উপযুক্ত সময় :**

মাঘ-চৈত্র

**ফসল তোলার সময়** :

বপনের ৪০-৪২ দিন পর।

**তথ্যের উৎস :**

সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড এর ক্যাটালগ।

**ফসল :** ঢেঁড়স

**পুষ্টিমান :**

প্রতি ১০০ গ্রাম ঢেঁড়সে ৯০.১৭ গ্রাম জলীয় অংশ, ১.৪ গ্রাম খনিজ পদার্থ, ১.৭ গ্রাম আঁশ, ৩৩ কিলোক্যালরি খাদ্য শক্তি, ২.০ গ্রাম আমিষ, .১৯ গ্রাম চর্বি, ৭.৪৫ গ্রাম শর্করা, ৮২ মিগ্রা ক্যালসিয়াম, ০.৬২ মিগ্রা লৌহ, ৩১.৩ মাইক্রো গ্রাম ভিটামিন কে, ৮২ মিগ্রা ক্যালসিয়াম, ২৯৯ মিগ্রা পটাশিয়াম এবং ২৩ মিগ্রা ভিটামিন-সি রয়েছে।

**তথ্যের উৎস :**

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১২/০২/২০১৮।

**ফসল :** ঢেঁড়স

**বর্ণনা :** বীজতলার প্রয়োজন নেই।

**বীজ ও বীজতলার প্রকারভেদ :**

বীজতলার প্রয়োজন নেই।

**ভাল বীজ নির্বাচন :**

দুটি জাতের মধ্যে ২০০ মি. দূরত্ব বজায় রাখুন। বীজ উৎপাদনের জন্য লাইন থেকে লাইন ১৫ ইঞ্চি এবং গাছ থেকে গাছের দূরত্ব ৮-৯ ইঞ্চি। রোগ-পোকা দমনের জন্য প্রয়োজনীয় বালাইনাশক প্রয়োগ করুন।

**বীজতলা প্রস্তুতকরণ :** বীজতলার প্রয়োজন নেই।

**বীজতলা পরিচর্চা :** বীজতলার প্রয়োজন নেই।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করণ, সেপ্টেম্বর, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**চাষপদ্ধতি :**

বীজ বোনার আগে ২৪ ঘন্টা ভিজিয়ে নিতে হয়। গভীরভাবে চাষ ও মই দিয়ে মাটি ঝুরঝুরে করে চাষের জমি তৈরি করতে হয়। মাটি থেকে সারির দুরত্ব হবে ৩০ ইঞ্চি.। বীজ সারিতে ১৮ ইঞ্চি দূরে দূরে ২-৩ টি করে বীজ বুনতে হয়। জাত অনুযায়ী চারা থেকে চারা এবং সারি থেকে সারির দুরত্ব ৬ ইঞ্চি কমানো বা বাড়ানো যেতে পারে। শীতকালে গাছ ছোট হয় বলে দূরত্ব কমানো যেতে পারে। চারা গজানোর পর প্রতি গর্তে একটি করে সুস্থ সবল চারা রেখে বাকী চারা গর্ত থেকে উঠিয়ে ফেলতে হবে।

**তথ্যের উৎস :**

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৮/০২/২০১৮

**ফসল :** ঢেঁড়স

**মৃত্তিকা :**

দোআঁশ ও বেলে দোআঁশ ঢেঁড়শ চাষের জন্য সবচেয়ে উপযোগী। পানি জমে থাকেনা এমন এটেল মাটিতেও চাষ করা যায়।

**মৃত্তিকা পরীক্ষা গবেষণাগারের ঠিকানা :**

মৃত্তিকাসম্পদউন্নয়নইনস্টিটিউটবিস্তারিত জানতে ক্লিক করুন

**সার পরিচিতি :**

সার পরিচিতি বিস্তারিত জানতে ক্লিক করুন

**ভেজাল সার চেনার উপায় :**

ভেজাল সার শনাক্তকরণ সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**ফসলের সার সুপারিশ :**

গোবরঃ ৭৫ কেজি

সরিষার খৈলঃ ১.৭৫ কেজি

ইউরিয়াঃ ২৩০ গ্রাম গ্রাম

টিএসপিঃ ৩৫০ গ্রাম গ্রাম

এমও পিঃ ২৩০ গ্রাম গ্রাম

জমি তৈরি করার সময় ইউরিয়া সার বাদে বাকি সব সার মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। সার মেশানের ১০-১৫ দিন পর জমিতে ঢেঁড়শ বীজ বপন করতে হয়। ইউরিয়া সার সমান দু'কিস্তিতে উপরি প্রয়োগ করতে হয়। প্রথম কিস্তিতে চারা গজানোর ২০-২৫ দিন পর এবং ২ য় কিস্তিতে দিতে হবে চারা গজানোর ৪০-৫০ দিন পর।

**তথ্যের উৎস :**

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৮/০২/২০১৮

**ফসল :** ঢেঁড়স

**সেচ ব্যবস্থাপনা :**

মাটির প্রকার ভেদ অনুযায়ী ১০/১২ দিন পর পর সেচ দেয়া প্রয়োজন। প্রতি কিস্তিতে সার প্রয়োগের পর জমিতে সেচ দিতে হবে।

**সেচ ও নিকাশ পদ্ধতি :**

1 : প্রতি কিস্তিতে সার প্রয়োগের পর জমিতে সেচ দিতে হবে।

**তথ্যের উৎস :**

কৃষি তথ্য সার্ভিস (এআইএস), ১৮/০২/২০১৮

**ফসল :** ঢেঁড়স

**আগাছার নাম :** চাপড়া ঘাস

**আগাছা জন্মানোর মৌসুম :** খরিফে বেশি বাড়। মে থেকে জুলাইয়ের মাঝে ফুল ফোটে ও বীজ পরিপক্ক হয়।

**প্রতিকারের উপায় :**

সেচ ও সার দেবার পর জো আসা মাত্র আগাছা বাছাই।

**তথ্যের উৎস :**

দক্ষিণাঞ্চলের উপযোগী কৃষি প্রযুক্তি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, নভেম্বর, ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**আগাছার নাম :** দুর্বা

**আগাছা জন্মানোর মৌসুম :** খরিফে বেশি বাড়ে। খরা সইতে পারে। এপ্রিল থেকে জুলাইয়ের মাঝে ফুল ফোটে ও বীজ পরিপক্ক হয়। মাঝারি থেকে উঁচু জমিসহ প্রায় সবখানে এর বিচরণ।

**প্রতিকারের উপায় :**

সেচ ও সার দেবার পর জো আসা মাত্র আগাছা বাছাই।

**তথ্যের উৎস :**

দক্ষিণাঞ্চলের উপযোগী কৃষি প্রযুক্তি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, নভেম্বর, ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**বাংলা মাসের নাম :** বৈশাখ

**ইংরেজি মাসের নাম :** এপ্রিল

**দুর্যোগের নাম :** ঝড় বৃষ্টি

**দুর্যোগ পূর্বপ্রস্তুতি :**

নিষ্কাশন নালা প্রস্তত রাখুন।

**দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী প্রস্তুতি :**

তাড়াতাড়ি অতিরিক্ত বৃষ্টির পানি বের করার ব্যবস্থা করুন।

**প্রস্তুতি** : অতিরিক্ত বৃষ্টির পানি বের করার নালা তৈরি রাখুন। জমির অতিরিক্ত বৃষ্টির পানি বের করে দিন।

**তথ্যের উৎস :**

জলবায়ু পরিবর্তন ও কৃষি, কৃষিবিদ মোঃ নজরুল ইসলাম, কৃষিবিদ ডঃ আবু ওয়ালী রাগিব হাসান, ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**বাংলা মাসের নাম :** আষাঢ়

**ইংরেজি মাসের নাম :** জুন

**ফসল ফলনের সময়কাল :** খরিফ- ১ , খরিফ-২

**দুর্যোগের নাম :** খরা

**দুর্যোগ পূর্বপ্রস্তুতি :**

সেচ নালা, সেচ যন্ত্র প্রস্তত রাখুন।

**দুর্যোগকালীন/দুর্যোগ পরবর্তী প্রস্তুতি :**

ঝর্না/ ঝাঁঝরি দিয়ে সেচ দিন।

**প্রস্তুতি** : লাইনে বুনুন, যাতে জমিতে সেচের পানি সমানভাবে দেওয়া যায়। নালা তৈরি করে রাখুন।

**তথ্যের উৎস :**

জলবায়ু পরিবর্তন ও কৃষি, কৃষিবিদ মোঃ নজরুল ইসলাম, কৃষিবিদ ডঃ আবু ওয়ালী রাগিব হাসান, ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** ফ্লি বিটল পোকা

**পোকা চেনার উপায় :** ছোট কালো রঙের পোকা।

**ক্ষতির ধরণ :** পাতা ছোট ছোট ছিদ্র করে খায়। আক্রান্ত পাতায় অসংখ্য ছিদ্র হয়।

**আক্রমণের পর্যায় :** চারা, পূর্ণ বয়স্ক, সব, যেকোন অবস্থা

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** পূর্ণ বয়স্ক , নিম্ফ

**ব্যবস্থাপনা :**

সাইপারমেথ্রিন জাতীয় কীটনাশক (যেমন ওস্তাদ ২০ মিলিলিটার  অথবা ম্যাজিক অথবা কট ১০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পূর্ব-প্রস্তুতি :**

পরিস্কার পরিচ্ছন্ন চাষাবাদ করুন। জমিতে জৈব সার প্রয়োগ করুন। জমির চার দিকে ফাঁদ ফসল হিসাবে সরিষা চাষ করুন। আক্রান্ত গাছে ছাই ছিটান।

**অন্যান্য :**

হাত জাল দ্বারা পোকা সংগ্রহ করুন। চারা গাছ জাল দিয়ে ঢেকে দিন। ৫০০ গ্রাম নিম বীজের শাঁস পিষে ১০ লিটার পানিতে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে তা ছেঁকে আক্রান্ত ক্ষেতে স্প্রে করুন।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** ঢেঁড়শের ডগা ও ফলের মাজরা পোকা

**পোকা চেনার উপায় :** কীড়া সাধারণত গাছের ডগায় এবং ফলে থাকে। ১-১.৫ ইঞ্চি বড় মথ। পাখাতে ছিট ছিট বাদামি দাগ থাকে।

**ক্ষতির ধরণ :** পোকার কীড়া কচি ফল ও ডগা ছিদ্র করে ও ভিতরে কুরে কুরে খায়। এরা ফলের কুঁড়িও খায়।

**আক্রমণের পর্যায় :** ফলের বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** ডগা , ফল

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** কীড়া

**ব্যবস্থাপনা :**

আক্রমণ বেশি হলে সাইপারমেথ্রিন জাতীয় কীটনাশক (যেমন ওস্তাদ ২০ মিলিলিটার  অথবা ম্যাজিক অথবা কট ১০ মিলিলিটার) প্রতি ১০লিটার পানিতে  মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে ১০-১২ দিন পরপর ২/৩ বার। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পূর্ব-প্রস্তুতি :**

ষেত পরিস্কার পরচ্ছন্ন রাখা। আগাম বীজ বপন করা। সুষম সার ব্যবহার করা। নিয়মিত মাঠ পরিদর্শন করে আক্রমণের শুরুতেই ব্যবস্থা নিন।

**অন্যান্য :**

জৈব বালাইনাশক ব্যবহার (যেমন নিমবিসিডিন) ৩ মিঃলিঃ / লি. হারে পানিতে মিশিয়ে স্পে করা।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** শোষক পোকা/ হোপার/ শ্যামা পোকা

**পোকা চেনার উপায় :** হালকা হলদে সবুজ রঙের ছোট্ট পোকা। বেশির ভাগ সময় পাতার নিচের দিকে ছায়ায় থাকে।

**ক্ষতির ধরণ :** কচি পাতার রস চুষে খাওয়ায় পাতা কুকড়ে নিচের দিকে বেকে আসে, পাতা বিবর্ণ হয়ে তামাটে রং ধারণ করে,পরে মারা যায়।

**আক্রমণের পর্যায় :** চারা, পূর্ণ বয়স্ক, ফলের বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** পূর্ণ বয়স্ক , নিম্ফ

**ব্যবস্থাপনা :**

আক্রমণ বেশি হলে ইমিডাক্লোরোপ্রিড জাতীয় কীটনাশক (যেমন এডমায়ার অথবা টিডো ৭-১০ মিলিলিটার / ২মুখ) অথবা কারবারাইল জাতীয় কীটনাশক (যেমন সেভিন ২০ গ্রাম) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে ১০ দিন পরপর ২/৩ বার। ঔষোধ পাতার নিচের দিকে যেখানে পোকা থাকে সেখানে স্প্রে করতে হবে। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

নিয়মিত জমি পর্যবেক্ষন করতে হবে। পোকা লাগার প্রাথমিক অবস্থায় কীড়া পাতা সহ নষ্ট করে ফেলুন।

**অন্যান্য :**

পাঁচ গ্রাম পরমিাণ গুড়া সাবান প্রতি লটিার পানিতে মিশিয়ে পাতার নিচের দিকে স্প্রে করুন। অথবা আধাভাঙ্গা নিমবীজের পানি (১ লিটার পানিতে ৫০ গ্রাম নিমবীজ ভেঙ্গে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে ছেঁকে নিতে হবে) আক্রান্ত গাছে ১০ দিন পর পর ৩ বার স্প্রে করলে পোকা নিয়ন্ত্রন করা যায়।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** লেদা পোকা

**পোকা চেনার উপায় :** লম্বাটে, ধুসর, ছোট।

**ক্ষতির ধরণ :** এক সাথে অনেক পোকা পাতার সবুজ অংশ খেয়ে ফেলে। ফলে পাতা জালের মত হয়ে যায়। এ পোকা পাতা খেয়ে গাছকে দুর্বল করে ফেলে।

**আক্রমণের পর্যায় :** বাড়ন্ত পর্যায়, চারা

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** কীড়া

**ব্যবস্থাপনা :**

আক্রমণ বেশি হলে এমামেক্টীন বেনজোয়েট জাতীয় কীটনাশক ( যেমন প্রোক্লেইম ১০ গ্রাম) অথবা সাইপারমেথ্রিন জাতীয় কীটনাশক (যেমন-রিপকর্ড ১০ তরল অথবা সিমবুশ ১০ তরল ২০ মিলিলিটার / ৪ মুখ) প্রতি ১০ লিটার পানিতে  মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে ১০ দিন পরপর ২ বার স্প্রে করতে হবে। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

পরিছন্ন চাষাবাদ করুন। সুষম সার প্রয়োগ করুন। সঠিক দুরত্বে চারা রোপন করা।

**অন্যান্য :**

তামাকের গুড়া (১০গ্রাম), সাবানের গুড়া (৫গ্রাম) ও নিমের পাতার রস প্রতি লিটার পানিতে মিশিয়ে ব্যবহার করা।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** ঢেঁড়শের জাব পোকা

**পোকা চেনার উপায় :** খুব ছোট সবুজাভ সাদা, নরম দেহ বিশিষ্ট।

**ক্ষতির ধরণ :** এ পোকা গাছের কচি পাতা ও ডগার রস শুষে খেয়ে গাছকে দুর্বল করে ফেলে। এর আক্রমণ বেশি হলে শুটি মোল্ড ছত্রাকের আক্রমণ ঘটে এবং গাছ মরে যায়। পিপিলিকার উপস্থিতি জাব পোকার উপস্থিতিকে অনেক ক্ষেত্রে জানান দেয়।

**আক্রমণের পর্যায় :** চারা, পূর্ণ বয়স্ক, সব, যেকোন অবস্থা

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** পূর্ণ বয়স্ক , নিম্ফ

**ব্যবস্থাপনা :**

আক্রমণ বেশি হলে ইমিডাক্লোরোপ্রিড জাতীয় কীটনাশক (যেমন এডমায়ার অথবা টিডো ৭-১০ মিলিলিটার / ২মুখ) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে ১০ দিন পরপর ২/৩ বার।  বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পূর্ব-প্রস্তুতি :**

আগের ফসলের নাড়া বা অবশিষ্ট অংশ ভালভাবে ধ্বংস করা। আগাছা, মরা পাতা ও আবর্জনা পরিষ্কার করতে হবে। নিয়মিত জমি পর্যবেক্ষন করতে হবে।

**অন্যান্য :**

সাবানযুক্ত পানি স্প্রে করা যায় অথবা আধাভাঙ্গা নিমবীজের পানি (১ লিটার পানিতে ৫০ গ্রাম নিমবীজ ভেঙ্গে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে ছেঁকে নিতে হবে) আক্রান্ত গাছে ১০ দিন পর পর ৩ বার স্প্রে করলে পোকা নিয়ন্ত্রন করা যায়। এছাড়াও তামাকের গুড়া (১০গ্রাম), সাবানের গুড়া (৫গ্রাম) ও নিমের পাতার রস  প্রতি লিটার পানিতে মিশিয়ে ব্যবহার করা যায়।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**পোকার নাম :** ঢেঁড়শের পাতা মোড়ানো পোকা

**পোকা চেনার উপায় :** ১০ মিলিমিটার আকারের হালকা হলদে থেকে হালকা বাদামি পাখাযুক্ত মথ। উভয় পাখায় আড়াআড়ি কালো রেখা আছে।

**ক্ষতির ধরণ :** কীড়া অবস্থায় পাতা মোড়ায় এবং সবুজ অংশ খায়। এটি সাধারণত কচি পাতাগুলো আক্রমণ করে থাকে।

**আক্রমণের পর্যায় :** বাড়ন্ত পর্যায়, ফলের বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**পোকার যেসব স্তর ক্ষতি করে :** কীড়া

**ব্যবস্থাপনা :**

পোকা দমনের জন্য ফেনিট্রথিয়ন জাতীয় কীটনাশক (যেমন সুমিথিয়ন বা ফলিথিয়ন ২০ মিলিলিটার) প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

জমি পরিস্কার পরচ্ছন্ন রাখুন। ডাল পুতে পাখি বসার ব্যবস্থা ( বিঘা প্রতি ৮-১০ টি )করুন। নিয়মিত মাঠ পরিদর্শন করে আক্রমণের শুরুতেই ব্যবস্থা নিন।

**অন্যান্য :**

আক্রন্ত পাতা সংগ্রহ করে ধ্বংস করুন।

**তথ্যের উৎস :**

সমন্বিত বালাই ব্যবস্থাপনা ও বিভিন্ন ফসলের ক্ষতিকারক পোকামাকড় দমন, কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** ঢেঁড়শের পাতার দাগ রোগ

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** এ রোগে আক্রান্ত পাতায় প্রথমে ছোট ছোট পানিভেজা দাগ দেখা যায় আস্তে আস্তে দাগগুলো বড় হয়। অনেক দাগ একত্রিত হয়ে বড় দাগ তৈরি করে। দাগের কিনারা গাঢ় বাদামি এবং কেন্দ্র সাদাটে হয়। পাতা ঝড়ে যায় এবং গাছ মরেও যেতে পারে।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**ব্যবস্থাপনা :**

ম্যানকোজেব অথবা ম্যানকোজেব + মেটালক্সিল জাতীয় বালাইনাশক (যেমন: রিডোমিল গোল্ড ২০ গ্রাম প্রতি ১০লিটার পানিতে মিশিয়ে) ৭-১০ দিন পরপর ৩ বার স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** ঢেড়ঁশের আগাম ধ্বসা রোগ

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** বয়স্ক পাতায় রোগের লক্ষণ প্রথম দেখা যায়। আক্রান্ত পাতায় উপর কাল বা বাদামী রংয়ের বৃত্তাকার দাগ পড়ে।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**ব্যবস্থাপনা :**

ম্যানকোজেব অথবা ম্যানকোজেব + মেটালক্সিল জাতীয় বালাইনাশক (যেমন: রিডোমিল গোল্ড ২০ গ্রাম প্রতি ১০লিটার পানিতে মিশিয়ে) ৭-১০ দিন পরপর ৩ বার স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কে  বিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

১. সুস্থ, সবল ও রোগ সহনশীল জাত চাষ করা ।

২. সুস্থ গাছ থেকে বীজ সংগ্রহ করুন।

৩. পরিমিত ও সময়মত সুষম সার ও সেচ প্রয়োগ করা।

৪. একই জমিতে বার বার ঢেড়ঁশের চাষ করবেন না।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** ঢেড়ঁশের আগাম ধ্বসা রোগ

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** বয়স্ক পাতায় রোগের লক্ষণ প্রথম দেখা যায়। আক্রান্ত পাতায় উপর কাল বা বাদামী রংয়ের বৃত্তাকার দাগ পড়ে।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায়

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**ব্যবস্থাপনা :**

ম্যানকোজেব অথবা ম্যানকোজেব + মেটালক্সিল জাতীয় বালাইনাশক (যেমন: রিডোমিল গোল্ড ২০ গ্রাম প্রতি ১০লিটার পানিতে মিশিয়ে) ৭-১০ দিন পরপর ৩ বার স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কে  বিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

১. সুস্থ, সবল ও রোগ সহনশীল জাত চাষ করা ।

২. সুস্থ গাছ থেকে বীজ সংগ্রহ করুন।

৩. পরিমিত ও সময়মত সুষম সার ও সেচ প্রয়োগ করা।

৪. একই জমিতে বার বার ঢেড়ঁশের চাষ করবেন না।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** গোড়া পচা রোগ

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** চারার গোড়া বা শিকড় পচে ঢলে পড়ার মাধ্যমে এ রোগের লক্ষণ প্রকাশ পায়। আক্রান্ত চারার গোড়ার চারদিকে বাদামি বর্ণের পানিভেজা দাগ দেখা যায়। আক্রমণের দুই দিনের মধ্যে চারা গাছটি ঢলে পড়ে ও আক্রান্ত অংশে তুলার মতো সাদা মাইসেলিয়াম দেখা যায় ও অনেক সময় সরিষার মত ছত্রাকের অনুবীজ পাওয়া যায়। চারা টান দিলে সহজে মাটি থেকে উঠে আসে।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায় , চারা

**ফসলের যে অংশে আক্রমণ করে :** শিকড় , কান্ডের গোঁড়ায়

**ব্যবস্থাপনা :**

কার্বান্ডিজম জাতীয় ছত্রানাশক (যেমনঃ এমকোজিম ৫০; অথবা গোল্ডাজিম ৫০০ ইসি ১০ মিলি /২ মুখ ) ১০ লি পানিতে মিশিয়ে ৭ দিন পরপর ৩ বার গাছের গোড়ায় ও মাটিতে স্প্রে করুন। আক্রমণ বোশি হলে প্রথম থেকে প্রতি লিটার পানিতে ২ গ্রাম রোভরাল মিশিয়ে স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

একই জমিতে বার বার কপিজাতীয় ফসল চাষ করবেন না। দিনের বেশির ভাগ সময় ছায়া পড়ে এমন জমিতে কপিজাতীয় ফসল চাষ করবেন না। পরিমিত সেচ ও পর্যাপ্ত জৈব সার প্রদান করুন, পানি নিস্কাশনের ভাল ব্যবস্থা রাখুন। সরিষার খৈল ৩০০ কেজি/হেক্টর হারে জমিতে প্রয়োগ করা। লাল মাটি বা অম্লীয় মাটির ক্ষেত্রে শতাংশ প্রতি চার কেজি হারে ডলোচুন প্রয়োগ করুন (প্রতি তিন বছরে একবার)। বপনের আগে প্রতি কেজি বীজে ২-৩ গ্রাম প্রোভ্যাক্স বা কার্বেন্ডাজিম মিশিয়ে বীজ শোধন করে নিন।

বীজ শোধন সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** শুটি মোল্ড

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** আক্রান্ত পাতা ও গাছে গায়ে কাল রংগের কালির মত ময়লা দেখা যায়। সাদা মাছি বা স্কেল পোকার আক্রমণে সুটি মোল্ড ছত্রাক এ রোগ ছড়ায়।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায় , পূর্ণ বয়স্ক

**ফসলের যে অংশে আক্রমণ করে :** কান্ড , পাতা

**ব্যবস্থাপনা :**

পোকা দমনের জন্য ফেনিট্রথিয়ন জাতীয় কীটনাশক (যেমনঃ সুমিথিয়ন বা ফলিথিয়ন ২০ মিলিলিটার) ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করুন এবংছত্রাক দমনে প্রপিকোনাজল জাতীয় বালাইনাসক (যেমন টিল্ট ২৫০ ইসি ৫ মিলিলিটার) প্রতি ১০ লিটার পানিতে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার ভালভাবে স্প্রে করুন। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পুর্ব-প্রস্তুতি :**

আগাম বীজ বপন করুন। সুষম সার ব্যবহার করুন। রোগ প্রতিরোধী জাত চাষ করুন।

**অন্যান্য :**

আক্রান্ত গাছের অংশ সংগ্রহ করে নষ্ট করা।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** ডাউনি মিলডিউ রোগ

**রোগের কারণ :** ছত্রাক

**ক্ষতির ধরণ :** বয়স্ক পাতায় এ রোগ প্রথম দেখা যায়। আক্রান্ত পাতার গায়ে সাদা বা হলদে থেকে বাদামী রঙের দাগ দেখা যায়। ধীরে ধীরে অন্যান্য পাতায় ছড়িয়ে পড়ে।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায় , পূর্ণ বয়স্ক

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা

**ব্যবস্থাপনা :**

ম্যানকোজেব জাতীয় ছত্রাকনাশক ( যেমনঃ রিডোমিল গোল্ড ২০ গ্রাম ) ১০ লিটার পানিতে  মিশিয়ে ১০-১২ দিন পর পর ২-৩ বার স্প্রে করুন । স্প্রে করার পর ১৫ দিনের মধ্যে সবজি বিষাক্ত থাকবে। বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পূর্ব-প্রস্তুতি :**

১. আগাম বীজ বপন করুন।

২. সুষম সার ব্যবহার করুন।

৩. রোগ প্রতিরোধী জাত চাষ করুন।

**অন্যান্য :**

আক্রান্ত গাছের পরিত্যক্ত অংশ সংগ্রহ করে নষ্ট করা।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**রোগের নাম :** মোজাইক ভাইরাস রোগ

**রোগের কারণ :** ভাইরাস

**ক্ষতির ধরণ :** চারা বা বাড়ন্ত গাছের পাতায় হলুদ ও গাঢ় সবুজ ছোপ ছোপ মোজাইক করা পাতা দেখা দেয়।

**ফসলের যে পর্যায়ে আক্রমণ করে :** বাড়ন্ত পর্যায় , চারা

**ফসলের যে অংশে আক্রমণ করে :** পাতা , ফল

**ব্যবস্থাপনা :**

জমিতে সাদা মাছি দেখা গেলে (বাহক পোকা) ইমিডাক্লোরোপ্রিড জাতীয়  কীটনাশক (যেমনঃ এডমায়ার অথবা টিডো ১০ মি.লি. ২ মুখ ) ১০ লিটার পানিতে মিশিয়ে প্রতি ৫ শতকে স্প্রে করতে হবে। সকাল বেলা গাছে ছাই ছিটিয়ে দিলে এই পোকা গাছ থেকে পড়ে যাবে৷ বালাইনাশক স্প্রে করায় সতর্কতা অবলম্বন করতে হবে।

বালাইনাশক সম্পর্কেবিস্তারিত জানতে ক্লিক করুন

বালাইনাশক ব্যবহারে সতর্কতা সম্পর্কে বিস্তারিত জানতে ক্লিক করুন

**পূর্ব-প্রস্তুতি :**

রোগমুক্ত গাছ থেকে বীজ সংগ্রহসহ জমি নিবিড় পর্যবেক্ষণ করে জাব পোকা, শোষক পোকা ও জেসিড পাশের জমি বা এ ফসলে আসে কি না তা জেনে ব্যবস্থা নিন।

**অন্যান্য :**

রোগ দেখা দেয়ার সাথে সাথেই আক্রান্ত গাছ তুলে পুড়িয়ে ফেলতে হবে অথবা মাটিতে পুতে ফেলতে হবে। আক্রান্ত বীজ ও বাতাসের মাধ্যমে এ রোগ ছড়িয়ে পড়ে। সাদা মাছি এ রোগের বাহক হিসেবে কাজ করে। আধাভাঙ্গা নিমবীজের পানি (১ লিটার পানিতে ৫০ গ্রাম নিমবীজ ভেঙ্গে ১২ ঘন্টা ভিজিয়ে রেখে ছেঁকে নিতে হবে) আক্রান্ত গাছে ১০ দিন পর পর ৩ বার স্প্রে করলে পোকা নিয়ন্ত্রন করা যায়। এছাড়াও তামাকের গুড়া (১০গ্রাম), সাবানের গুড়া (৫গ্রাম) ও নিমের পাতার রস প্রতি লিটার পানিতে মিশিয়ে ব্যবহার করা যায়।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করন, সেপ্টেম্বর, ২০১৭।

ফসলের বালাই ব্যবস্থাপনা মোঃ হাসানুর রহমান, দ্বিতীয় সংস্করণ, জানুয়ারী ২০১৩।

**ফসল :** ঢেঁড়স

**ফসল তোলা :** ঢেঁড়স কচি অবস্থায় সংগ্রহ করা উচিত। ফুল ফোটার ১০-১২ দিন পর সংগ্রহের উপযোগী হয়। বেশি পাকা ফলের বীজ শক্ত হয়ে যায় এবং খাবার অনুপযোগী হয়ে পড়ে। জাত ও পরিচর্যার উপর ফলনের তারতম্য হয়।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করণ, সেপ্টেম্বর, ২০১৭।

**ফসল :** ঢেঁড়স

**বীজ উৎপাদন :**

সুস্থ ও রোগ-পোকামাকড় মুক্ত গাছ থেকে বীজ ফল সংগ্রহ করতে হবে। ফলের শুকিয়ে গেলে এবং শক্ত হয়ে যাবে এমন অবস্থায় বীজের জন্য ফল সংগ্রহ করতে হবে। পাকা ফল সংগ্রহের পর চিরে বীজ বের করে পানিতে ধুয়ে শুকাতে হয়।

**বীজ সংরক্ষণ:**

ঠান্ডা ও বাতাস চলাচল করা জায়গাতে ফল ঘষা বা চাপ খায় না এমন ভাবে সংরক্ষণ করুন। বীজ বেশিদিন সংরক্ষণ করতে চাইলে নিমের তেল মিশিয়ে রাখতে পারেন। কিছুদিন পর পর বীজ হালকা রোদে শুকিয়ে নিবেন।

**তথ্যের উৎস :**

শাক সবজি চাষ,মৃত্যুঞ্জয় রায়, ফেব্রুয়ারি ২০১৪, অনিন্দ্য প্রকাশ।

বসতবাড়ির আশে-পাশে সবজি ও ফলের চাষ,মোঃ জামিউল ইসলাম, মার্চ, ২০০৭।

**ফসল :** ঢেঁড়স

**বীজপ্রাপ্তি স্থান :**
১। সরকারি অণুমোদিত সকল বীজ ডিলার।

২। বিশ্বস্ত বীজ উৎপাদনকারী চাষী।

**সার ও বালাইনাশক প্রাপ্তিস্থান :**

বিএডিসি ও সরকার অনুমোদিত সার ও বালাইনাশক ডিলার।

সার ডিলার এর বিস্তারিত তথ্য পেতে ক্লিক করুন

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করণ, সেপ্টেম্বর, ২০১৭।

**যন্ত্রের নাম :** মই

**ফসল :** ঢেঁড়স

**যন্ত্রের ধরন :** অন্যান্য

**যন্ত্রের পরিচালনা পদ্ধতি :**

কায়িক শ্রম

**যন্ত্রের ক্ষমতা :** কায়িক শ্রম

**যন্ত্রের উপকারিতা :**

জমি চাষে ব্যবহার করা হয়।

**যন্ত্রের বৈশিষ্ট্য :**

সাশ্রয়ী মূল্য, সহজ প্রাপ্য ও সহজে বহন যোগ্য।

**রক্ষণাবেক্ষণ :** যবহারের পর মাটি ও পানি থেকে পরিষ্কার করে রাখুন।

**তথ্যের উৎস :**

খামার যান্ত্রিকীকরন এর মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- ২য় পর্যায় (২য় সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫, জানুয়ারি,২০১৮।

**যন্ত্রের নাম :** কোদাল

**ফসল :** ঢেঁড়স

**যন্ত্রের ধরন :** অন্যান্য

**যন্ত্রের পরিচালনা পদ্ধতি :**

হস্ত চালিত

**যন্ত্রের ক্ষমতা :** হস্ত চালিত

**যন্ত্রের উপকারিতা :**

আইল ছাঁটা, সেচ ও নিকাশ নালা তৈরি। কম জমির জন্য ফসল তোলা ও পরিচর্যায় ব্যবহার হয়।

**যন্ত্রের বৈশিষ্ট্য :**

সাশ্রয়ী মূল্য, সহজ প্রাপ্য ও সহজে বহন যোগ্য।

**রক্ষণাবেক্ষণ :** ব্যবহারের পর মাটি ও পানি থেকে পরিষ্কার করে রাখুন।

**তথ্যের উৎস :**

খামার যান্ত্রিকীকরন এর মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- ২য় পর্যায় (২য় সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডি এ ই), খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫, জানুয়ারি,২০১৮।

**ফসল :** ঢেঁড়স

**প্রথাগত ফসল পরিবহন ব্যবস্থা :**

বাঁশের ঝুড়িতে করে মাথায়, ভারে করে কাঁধে, রিক্সায়, নৌকায় করে।

**আধুনিক ফসল পরিবহন ব্যবস্থা :**

ভ্যান,ট্রলি, পিকাপ ট্রাক, লঞ্চ, শীতাতপ কাভার্ড ভ্যান।

**প্রথাগত বাজারজাত করণ :**

বাঁশের ঝুড়িতে করে মাথায়, ভারে করে কাঁধে, রিক্সায়, নৌকায় করে স্থানীয় হাট বাজারে।

**আধুনিক পদ্ধতিতে বাজারজাত করণ :**

গ্রেডিং/বাছায়ের পরে আস্ত/কেটে প্যাকেটজাত করে।

**তথ্যের উৎস :**

কৃষি প্রযুক্তি হাতবই, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ৬ষ্ঠ সংস্করণ, সেপ্টেম্বর, ২০১৭।